# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৭

৪. কিতাবুল ঈলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ কুরআন শিক্ষা করা ও তদনুযায়ী আমল করা ওয়াজিব, বিশেষত ফিতনার সময়ে

ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنْ تَعَلُّمِ كِتَابِ اللَّهِ جَلَّ وَعَلَا وَاتِّبَاعِ مَا فِيهِ عِنْدَ وُقُوعِ الْفِتَنِ خَاصَّةً

## আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ حَدَّثَنَا جَرِيرُ بْنُ عَبْدِ الْحَمِيدِ عَنْ مِسْعَرِ بْنِ كِدَامٍ عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الصَّامِتِ عَنْ حُذَيْفَةَ قَالَ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ هَلْ بَعْدَ هَذَا الْخَيْرِ الَّذِي نَحْنُ فِيهِ مِنْ شَرٍّ نَحْذَرُهُ قَالَ: "يَا حُذَيْفَةُ عَلَيْكَ بِكِتَابِ اللَّهِ فَتَعَلَّمْهُ وَاتَّبِعْ مَا فِيهِ خيرا لك"

الراوي : حُذَيْفَة | المحدث : شعيب الأرنؤوط | المصدر : صحيح ابن حبان

الصفحة أو الرقم: 117 | خلاصة حكم المحدث: صحيح

## বাংলা

১১৭. হুযাইফা রাদ্বিয়াল্লাহু তা’আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি বললাম, ’হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমরা যে কল্যানের মধ্যে আছি, এরপরেও কি কোন অকল্যাণ আসবে, যার ব্যাপারে আমাদের সতর্ক থাকতে হবে? তিনি বললেন: তোমার জন্য আবশ্যক হলো আল্লাহর কিতাব আঁকড়ে ধরা; তুমি কিতাব শিক্ষা করবে এবং কিতাবে যা আছে তার অনুসরণ করবে- এটিই তোমার জন্য কল্যানকর হবে।”[1]

## ফুটনোট

[1] আবু দাউদ: ৪২৪৬; নাসাঈ: ৫৭; হাকিম: ৪/৪৩২। আল্লামা শুআইব আল আরনাউত হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহা: ২৭৩৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88031

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন